মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৮১৯

৫৪. ঘরে প্রবেশ করার অনুমতি গ্রহণ বিষয়ক অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৯. খারাপ নাম সম্পর্কীয় বয়ান

باب مَا يُكْرَهُ مِنَ الأَسْمَاءِ

আরবী

وَحَدَّثَنِي مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ قَالَ لِرَجُلٍ مَا اسْمُكَ فَقَالَ جَمْرَةُ فَقَالَ ابْنُ مَنْ فَقَالَ ابْنُ شِهَابٍ قَالَ مِمَّنْ قَالَ مِنْ الْحُرَقَةِ قَالَ أَيْنَ مَسْكَنُكَ قَالَ بِحَرَّةِ النَّارِ قَالَ بِأَيِّهَا قَالَ بِذَاتِ لَظًى قَالَ عُمَرُ أَدْرِكْ أَهْلَكَ فَقَدْ احْتَرَقُوا قَالَ فَكَانَ كَمَا قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ

বাংলা

রেওয়ায়ত ২৫. ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ) হইতে বর্ণিত, উমর ইবনে খাত্তাব (রাঃ) এক ব্যক্তিকে জিজ্ঞাসা করিলেন, তোমার নাম কি? লোকটি বলিল, জমরা (ইহার অর্থ আগুনের কয়লা বা অঙ্গার)। আবার জিজ্ঞাসা করিলেন, তোমার পিতার নাম কি? লোকটি বলিল, শিহাব (অগ্নিশিখা)। আবার জিজ্ঞাসা করিলেন, তুমি কোন গোত্রের? লোকটি বলিল, হারাক (জ্বলন্ত)। আবার জিজ্ঞাসা করিলেন, কোথায় বাস কর? লোকটি বলিল, হাররাতুন্নারে (দোযখের গরমে)। আবার জিজ্ঞাসা করিলেন, সেই স্থানটা কোথায়? লোকটি বলিল, যাতে লাযা (লাযা নামক দোযখে)। উমর (রাঃ) বলিলেন, যাও, গিয়া তোমার খবর লও; তাহারা সকলেই জ্বলিয়া গিয়াছে। লোকটি গিয়া দেখিল যে, সত্যই উমর ইবনে খাত্তাব (রাঃ) যাহা বলিয়াছেন, তাহাই হইয়াছে (অর্থাৎ সকলেই জ্বলিয়া গিয়াছে)।

English

Yahya related to me from Yahya ibn Said that Umar ibn al-Khattab asked a man what his name was. He said, "Jamra (live coal)." "The son of who?" He said, "Ibn Shihab (meteor, flame)." "From whom?" He said, "From al-Huraqa (burning)." "Where do you live?" He said, "At Harrat an-Nar (lava field of the fire). "At which one of them?" He said, "At Dhati Ladha (one with flames)." Umar said, "Go and look at your family - they have been burned."

Yahya added, "It was as Umar ibn al-Khattab, may Allah be pleased with him, said."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবন সাঈদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74716

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন